

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
ই-২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bmd.gov.bd

নম্বর: ২৩.০৯.২৬৮০.১৭২.৪৩.০০১.২৫. ৫৮৭
বিষয়: মার্চ ২০২৬ এর দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস।

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩২
০১ মার্চ ২০২৬

দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস প্রদানের নিমিত্ত বিশেষজ্ঞ কমিটির নিয়মিত সভা ০১ মার্চ ২০২৬ দুপুর ১২.০০ ঘটিকায় ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ফেব্রুয়ারি ২০২৬ খ্রিঃ মাসের আবহাওয়ার বিভিন্ন তথ্য ও উপাত্ত পর্যালোচিত হয়। পর্যালোচনাকালে পরিলক্ষিত হয় যে, ফেব্রুয়ারি ২০২৬ মাসে বাংলাদেশে গড় বৃষ্টিপাতের পরিমাণ ও দিন সংখ্যা নিম্নরূপ ছিল:

বিভাগ/দেশ	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মিঃ)	রেকর্ডকৃত গড় বৃষ্টিপাত (মি:মিঃ)	বৃষ্টিপাতের পরিমাণের বিচ্যুতি (%)	স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা	রেকর্ডকৃত বৃষ্টিপাতের দিন সংখ্যা
ঢাকা	২৩	০.১	-৯৯.৫	০৩	০১
ময়মনসিংহ	১৭	০.০	-১০০.০	০৪	০০
চট্টগ্রাম	২০	০.০	-১০০.০	০২	০০
সিলেট	৩৫	০.০	-১০০.০	০৪	০০
রাজশাহী	১৫	০.০	-১০০.০	০৪	০০
রংপুর	২৭	০.০	-১০০.০	০৪	০০
খুলনা	২১	০.৯	-৯৬.৮.০	০৩	০১
বরিশাল	২০	০.০	-১০০.০	০২	০০
সারাদেশ	২৩	০.১	-৯৯.৮	০২	০১

ফেব্রুয়ারি ২০২৬ মাসে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা কম (-৯৯.৮%) বৃষ্টিপাত হয়েছে। ১৭ ফেব্রুয়ারি ২০২৬ নিরক্ষীয় ভারত মহাসাগর ও তৎসংলগ্ন দক্ষিণ বঙ্গোপসাগর এলাকায় একটি লঘুচাপ তৈরি হয় এবং এটি ২০ ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত একই এলাকায় অবস্থান করে। ২১ ফেব্রুয়ারি ২০২৬ নিরক্ষীয় ভারত মহাসাগর ও তৎসংলগ্ন দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর এলাকায় আরো একটি লঘুচাপ তৈরি হয় এবং ২২ ফেব্রুয়ারি ২০২৬ এটি দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন নিরক্ষীয় ভারত মহাসাগর এলাকায় সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়। ২৩ ফেব্রুয়ারি ২০২৬ এটি দুর্বল হয়ে লঘুচাপে পরিণত হয় এবং ২৫ ফেব্রুয়ারি ২০২৬ গুরুত্বহীন হয়ে যায়। উপ-মহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ধিতাংশ বাংলাদেশের পশ্চিমাঞ্চল পর্যন্ত বিস্তার লাভ করায় ৬-৮ ফেব্রুয়ারি ২০২৬ সময়ে কোথাও কোথাও মৃদু শৈত্য প্রবাহ বয়ে যায়। ফেব্রুয়ারি মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫.০°সে. (রাঙ্গামাটি, ১৮ ফেব্রুয়ারি ২০২৬) এবং সর্বনিম্ন তাপমাত্রা ৮.৪°সে. (শ্রীমঙ্গল, ৬ ফেব্রুয়ারি ২০২৬) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ ও গড় তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ১.৭°সে. ও ০.৭°সে. বেশি এবং সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা ০.৩°সে. কম ছিল। বৃষ্টিপাত, তাপমাত্রা, শৈত্য প্রবাহ, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা ফেব্রুয়ারি ২০২৬ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs), ECMWF, JMA, NOAA, IRI-Columbia University, APEC Climate Centre (APCC), RIMES এবং C3S থেকে প্রাপ্ত মডেল পূর্বাভাস, আবহাওয়া উপাত্ত, উর্ধ্বাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণ পূর্বক কমিটি কর্তৃক মার্চ ২০২৬ এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

বিভাগ	স্বাভাবিক বৃষ্টিপাত (মিঃমিঃ)	পূর্বাভাস বৃষ্টিপাতের পরিমাণ (মিঃমিঃ)	স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা	পূর্বাভাস বৃষ্টিপাতের দিন সংখ্যা	মার্চ ২০২৬ মাসে মাটির আর্দ্রতা (%)
ঢাকা	৪৬	৩৫ - ৫৫	০৪	০৩-০৫	১৮-২৮
ময়মনসিংহ	৫২	৪৫ - ৬০	০৪	০৩-০৫	২০-৩০
চট্টগ্রাম	৫৮	৫৫ - ৬৮	০৩	০২-০৪	২০-৩০
সিলেট	১১৪	১১০ - ১৩০	০৭	০৬-০৮	২০-৩০
রাজশাহী	২৯	২০ - ৩০	০৪	০৩-০৫	১৫-২৫
রংপুর	২৯	২০ - ৩০	০৪	০৩-০৫	১৭-২৭
খুলনা	৩৭	৩৫ - ৪৫	০৩	০২-০৪	১৫-২৫
বরিশাল	৪৫	৩৫ - ৫০	০৩	০২-০৪	২০-৩০

১. দেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
২. বজ্রোপসাগরে ঘূর্ণিঝড়/নিম্নচাপ সৃষ্টি হওয়ার সম্ভাবনা নাই।
৩. এ মাসের শেষের দিকে দেশের পশ্চিম ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলের উপর দিয়ে ১-২ টি মৃদু (৩৬-৩৭.৯°সে.) থেকে মাঝারি (৩৮-৩৯.৯°সে.) ধরণের তাপ প্রবাহ বয়ে যেতে পারে।
৪. দিন ও রাতের তাপমাত্রা ক্রমাগত বৃদ্ধি পাবে। দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা বেশি থাকতে পারে।
৫. দেশে ২-৩ দিন বজ্র ও শিলাবৃষ্টিসহ হালকা/ মাঝারি ধরণের এবং ১-২ দিন তীব্র কালবৈশাখি ঝড় হওয়ার সম্ভাবনা রয়েছে।
৬. নদ-নদীর অবস্থাঃ মার্চ মাসে দেশের প্রধান নদ-নদী সমূহে স্বাভাবিক পানি প্রবাহ বিরাজমান থাকতে পারে।
৭. কৃষি আবহাওয়াঃ মার্চ মাসে দেশের দৈনিক গড় বাষ্পীভবন ৩.০-৫.০ মিঃমিঃ এবং গড় সূর্য কিরণকাল ৭.৫-৯.৫ ঘন্টা থাকতে পারে।

০২/০৩/২৬

(মোঃ মমিনুল ইসলাম)
পরিচালক (চলতি দায়িত্ব)

ও

চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

মাননীয় মন্ত্রী

কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ইমেইল: minister@moa.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, info@modmr.gov.bd
২. মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, cab_secy@cabinet.gov.bd
৩. মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, psecy@pmo.gov.bd
৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, secretary@mopa.gov.bd
৫. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mowr.gov.bd
৬. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, secy@mincom.gov.bd
৭. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, secretary@mod.gov.bd
৮. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, secretary@modmr.gov.bd
৯. সচিব, কৃষি মন্ত্রণালয়, secretary@moa.gov.bd
১০. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mofood.gov.bd